



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিবেশ অধিদপ্তর  
বাগেরহাট জেলা কার্যালয়  
৯৬/২, ভি আই পি রোড,  
বাগেরহাট সদর, বাগেরহাট।  
www.doe.gov.bd

## পরিবেশগত ছাড়পত্র

ছাড়পত্র নং: ২০-৪২২৮৫

পরিবেশগত ব্যবস্থাপনা নিশ্চিতকরণ সাপেক্ষে সংযুক্ত শর্তে নিম্নবর্ণিত প্রতিষ্ঠান/প্রকল্পের অনুকূলে পরিবেশগত ছাড়পত্র প্রদান করা হলো :

প্রতিষ্ঠান/প্রকল্পের নাম	: নিরাময় আল্ট্রা ডায়াগনস্টিক সেন্টার
উদ্যোক্তার নাম	: জনাব ডাঃ মোঃ মোশাররফ হোসেন
সনাক্তকরণ নং	: ৭৩৫১১
প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রম	: ডায়াগনস্টিক সেন্টার
প্রতিষ্ঠান/প্রকল্পের শ্রেণী	: Orange-B
প্রতিষ্ঠান/প্রকল্পের ঠিকানা	: পুরাতন বাজার, সদর, বাগেরহাট।
প্রদানের তারিখ	: ১১/০৬/২০২০ খ্রি.
মেয়াদ উত্তীর্ণের তারিখ	: ১০/০৬/২০২১ খ্রি.



এ ছাড়পত্র সনদের সাথে পৃথকভাবে সংযুক্ত প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালন করতে হবে,  
অন্যথায় ছাড়পত্র বাতিল/ক্ষতিপূরণ আদায়সহ যে কোন আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

বিঃদ্রঃ এটি একটি সিস্টেম জেনারেটেড ছাড়পত্র এবং এতে কোনোরূপ স্বাক্ষরের প্রয়োজন নেই।

## পরিবেশগত ছাড়পত্র জন্য প্রয়োজ্য শর্তাবলী:

১ . এ ছাড়পত্র শুধুমাত্র ডায়গনস্টিক-এর কার্যক্রম পরিচালনার জন্য প্রয়োজ্য হবে। প্রতিষ্ঠানের উৎপাদন বৃদ্ধি, জায়গা সম্প্রসারণ/স্থানান্তর, উৎপাদন প্রক্রিয়া বা তৎসংশ্লিষ্ট কোন প্রকার পরিবর্তনের জন্য পরিবেশ অধিদপ্তরের পূর্বানুমতি/ছাড়পত্রের প্রয়োজন হবে।

২ . Infectious waste সংগ্রহ, সংরক্ষণ এবং Treatment disposal ক্ষেত্রে পরিবেশসম্মত ব্যবস্থা সর্বদা চালু রাখতে হবে।

৩ . প্লাস্টিক সুচ, সিরিঞ্জ, টেস্ট টিউব, প্লাস্টিক বর্জ্য, অটোক্লেভ দ্বারা জীবানুমুক্ত করার পর শ্রেডিং মেশিন দিয়ে প্লাস্টিক, কাটার দিয়ে সুচএবং কাচের টিউব টুকরো টুকরো করে অপসারণ করতে হবে।

৪ . Infectious এবং Hazardous medical বর্জ্যসমূহ নির্ধারিত বিনে রাখতে হবে। পরবর্তীতে এ সকল সংক্রামক ও বিপদজনক বর্জ্যের পরিবেশসম্মত ব্যবস্থাপনা নিশ্চিত করতে হবে এবং তার রেজিস্টার মেইনটেন করতে হবে।

৫ . Pathogenic তরল বর্জ্য পরিশোধন পূর্বক জীবানুমুক্ত করে অপসারণ করতে হবে এবং ব্যবহৃত তুলা, গজ, ব্যাভেজ ইত্যাদি পরিবেশ সম্মতভাবে ইনসিনারেটরে পুড়িয়ে ফেলতে হবে।

৬ . Body parts, Tissue, Fetus ইত্যাদি কবরস্থানে পুতে রাখতে হবে।

৭ . হাসপাতাল অঙ্গন, টয়লেট ও মেঝে থেকে যাতে জীবানু সংক্রমিত হতে না পারে এ লক্ষ্যে পরিষ্কার পরিচ্ছন্নতার বিষয়ে সর্বাধিক গুরুত্ব দিতে হবে যাতে করে আগত রোগীর দ্বারা কেউ আক্রান্ত না হতে পারে।

৮ . ডায়গনস্টিক থেকে কোন তরল বর্জ্য অপরিশোধিত অবস্থায় উন্মুক্ত স্থানে নির্গমন করা যাবে না।

৯ . বাংলাদেশ পরিবেশ সংরক্ষণ আইন, ১৯৯৫ (সংশোধিত-২০১০) এবং পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭(সংশোধিত-২০০২) এর সকল বিধি-বিধান প্রতিপালন করতে হবে।

১০ . প্রতিষ্ঠানটির কার্যক্রম চলাকালে শব্দের মানমাত্রা শব্দ দূষণ(নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০০৬ এবং প্রতিষ্ঠানের তরল বর্জ্য/কঠিন বর্জ্য ও বায়বীয় নিঃসরণ মানমাত্রা পরিবেশ সংরক্ষণ বিধিমালা, ১৯৯৭-এ বর্ণিত মানমাত্রার মধ্যে রাখতে হবে।

১১ . সব ধরনের বর্জ্যের ক্ষেত্রে বিশেষতঃ কঠিন বর্জ্য ব্যবস্থাপনায়, উৎসে বর্জ্য পৃথকীকরণ করতে হবে এবং বর্জ্য হ্রাস, পুনঃব্যবহার ও পুনঃচক্রায়ন নীতিমালা তথা ৩জ (Reduce, Reuse, Recycle) Principles অনুসরণ করতে হবে। এছাড়া পৃথকীকৃত বর্জ্য আবৃত অবস্থায় উপযুক্ত সময়ে নিকটস্থ সিটি কর্পোরেশনের ট্রান্সফার স্টেশন/ডাম্পিং গ্রাউন্ডে স্থানান্তর/পরিবহনের বিষয়টি উদ্যোক্তা নিজস্ব উদ্যোগ/সিটি কর্পোরেশনের সহায়তা নিশ্চিত করবেন।

১২ . চিকিৎসা বর্জ্য ব্যবস্থাপনায় চিকিৎসা বর্জ্য (ব্যবস্থাপনা ও প্রক্রিয়াজাতকরণ) বিধিমালা, ২০০৮ এর বিধিসমূহ প্রতিপালন করতে হবে।

১৩ . অগ্নি নির্বাপনকল্পে কারখানায় যথোপযুক্ত ব্যবস্থাদি সার্বক্ষণিক কার্যকরী রাখতে হবে। ফায়ার সার্ভিস ও নিকটস্থ হাসপাতালের নাম্বারসহ অন্যান্য সেবা দানকারী প্রতিষ্ঠানের নাম্বার সম্বলিত বোর্ড দৃশ্যমান জায়গায় রাখতে হবে।

১৪ . প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিকদের পেশাগত স্বাস্থ্য রক্ষার্থে সকল ব্যবস্থা সার্বক্ষণিক চালু রাখতে হবে। প্রতিষ্ঠানের কর্মচারীদের জন্য এ্যাপ্রোন, স্বাস্থ্য সম্মত টয়লেট ও বিশুদ্ধ পানির ব্যবস্থা রাখতে হবে।

১৫ . প্রতিষ্ঠানের চত্বরে ন্যূনতম ৩৩% জায়গা উপযুক্ত প্রজাতির ফলজ ও বনজ গাছ লাগিয়ে সবুজায়ন করতে হবে।

১৬ . প্রতিষ্ঠানে পারদ বিহীন বিদ্যুৎ সশ্রয়ী বাতি ব্যবহার করতে হবে। প্রতিষ্ঠানে শীতাতাপ নিয়ন্ত্রণ যন্ত্র ও লিফট মেশিন বিদ্যুৎ সশ্রয়ী হতে। প্রতিষ্ঠানে ওজন হ্রাস ক্ষয়কারী বস্তু (ODS) ব্যবহৃত হয়, এমন কোন সরঞ্জাম ব্যবহার করা যাবে না। প্রতিষ্ঠানে পানি সশ্রয়ী সামগ্রী ব্যবহার করতে হবে।

১৭ . ইএমপি প্রতিবেদনে সুপারিশকৃত পরিবেশগত নেতিবাচক প্রভাব মোকাবেলায় গৃহীত প্রশমনমূলক ব্যবস্থা সার্বক্ষণিক কার্যকর রাখতে হবে।

১৮ . এ পর্যায়ে প্রাপ্ত ও পরিবেশিত তথ্যের ভিত্তিতে এ ছাড়পত্র প্রদান করা হলো। পরবর্তীতে কোন তথ্য অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ বা অসত্য কিংবা গোপন করা হয়েছে মর্মে প্রমাণিত হলে এ ছাড়পত্র বাতিল বলে গণ্য হবে।

১৯ . এই ছাড়পত্র জারীর তারিখ হতে পরবর্তী ১(এক) বৎসরের জন্য বহাল থাকবে এবং মেয়াদ শেষ হবার অন্ততঃ ৩০(ত্রিশ) দিন পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

২০ . অপারেশন থিয়েটারে সৃষ্ট তরল বর্জ্য সহ সকল ক্লিনিক্যাল তরল বর্জ্য ইটিপিতে পরিশোধনের পর অপসারণ করতে হবে।

২১ . পরিবেশ অধিদপ্তরের এনফোর্সমেন্ট টীম বা কোন কর্মকর্তা কারখানা পরিদর্শনে গেলে তাদেরকে কারখানার কার্যক্রম পরিদর্শনে সার্বিক সহযোগিতা প্রদান করতে হবে। অন্যথায় ইস্যুকৃত ছাড়পত্র বাতিলসহ আইনগত ব্যবস্থা নেয়া হবে।

